



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট ৩১০০


স্মারক নং : সিশিবো/প্রশা-২/২০১৬/১৩৪২

তারিখঃ ২১/০৭/২০১৬ খ্রিঃ

দেশে জঙ্গী তৎপরতা বন্ধ এবং শিক্ষার্থীদের মানবিক বিকাশ, দায়িত্বশীল আচরণ ও দেশ প্রেমে উদ্বুদ্ধ করণের লক্ষ্যে সকল বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের প্রধানগণকে নিম্নোক্ত পদক্ষেপসমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলোঃ

১. শিক্ষার্থী সমাবেশ ও জাতীয় সংগীতের মাধ্যমে বিদ্যালয়ের দৈনন্দিন কার্যক্রম শুরু করতে হবে।
২. সমাবেশে প্রতিষ্ঠান প্রধানকে শিক্ষার্থীদের উদ্দেশ্যে জঙ্গী বিরোধী সচেতনতা মূলক বক্তব্য রাখতে হবে।
৩. ফেইসবুক, টুইটারসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে জঙ্গি তৎপরতা উৎসাহিত করে এমন কোন কার্যক্রমে শিক্ষার্থী ও শিক্ষকগণকে জড়িত না হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা।
৪. বাৎসরিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান, ম্যাগাজিন প্রকাশসহ সহপাঠ্যক্রম কার্যক্রম বছর জুড়ে চালু রাখতে হবে।
৫. বিভিন্ন জাতীয় দিবস ও অনুষ্ঠান বাধ্যতামূলকভাবে পালন করতে হবে।
৬. যৌক্তিক কারণ ছাড়া সর্বোচ্চ ১০(দশ) দিনের বেশি অনুপস্থিত শিক্ষার্থীর খোঁজ নিতে হবে এবং কোন বিরূপ তথ্য থাকলে তা আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করতে হবে।
৭. প্রতিষ্ঠানে স্কাউট/গার্লস গাইড এর ইউনিট চালু রাখতে হবে।

উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নে শিক্ষকগণ, প্রতিষ্ঠান প্রধানকে সর্বাঙ্গিক সহযোগিতা প্রদান করবেন।

  
(এ,কে,এম গোলাম কিবরিয়া তাপাদার)  
সচিব ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।

## কার্যার্থে বিতরণঃ

১. জেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ।
২. সংশ্লিষ্ট মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,-----
৩. সংশ্লিষ্ট অধ্যক্ষ/প্রধান শিক্ষক,-----

## সদয় অনুলিপি :

১. সচিব, শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ।
৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা,-----